

পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

৬৩৫/বাউবি/পরীক্ষা/এমবিএ(বা:মা:)/ফলাফল/২১৯/১৩২৮

তারিখ : ১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র (সকল)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বিষয় : এমবিএ (বাংলা মাধ্যম) ২১২, ২২১, ২২২ ও ২৩১ টার্মের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ সেমিস্টার পরীক্ষার ফলাফল
সংক্রান্ত অভিযোগ ও পুনঃনিরীক্ষার আবেদন এবং শিক্ষার্থীদের ফি জমা দান প্রসঙ্গে

সূত্র : ৬৩৫/বাউবি/পরীক্ষা/এমবিএ(বা:মা:)/ফলাফল/২১৯/১৩৪৮ ; তারিখ : ১২ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

মহোদয়,

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ২১২, ২২১, ২২২ ও ২৩১ টার্মের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ সেমিস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল ইতিপূর্বে প্রকাশ করা হয়েছে। ফলাফল প্রকাশের পরে যে সকল শিক্ষার্থী ফলাফল সংক্রান্ত অভিযোগ অথবা পুনঃনিরীক্ষার আবেদন করতে ইচ্ছুক, তাদেরকে সূত্রের পত্রের মাধ্যমে ১৩-২৩ মে, ২০২৪ সময় দেয়া হয়েছিল, কিন্তু সার্ভার সমস্যার কারণে তা বাধাগ্রস্ত হয়। এমতাবস্থায় বর্ধিত সময়সীমা ও আবেদনের পদ্ধতি নিম্নরূপ :

যে সকল শিক্ষার্থী এমবিএ (বাংলা মাধ্যম) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অভিযোগ অথবা পুনঃনিরীক্ষার আবেদন করতে ইচ্ছুক তাদেরকে অনলাইনে আবেদন করতে হবে। এমবিএ (বাংলা মাধ্যম) পরীক্ষার ফলাফলের অভিযোগ অথবা পুনঃনিরীক্ষার আবেদন ফরম: exam.bou.ac.bd ওয়েব ঠিকানার লিংকে পাওয়া যাবে। উক্ত লিংকে আবেদন ও ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে। এ আবেদনের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ০১ আগস্ট, ২০২৪ থেকে ১২ আগস্ট, ২০২৪ সময়ের মধ্যে সংশ্লিষ্ট ওয়েব ঠিকানায় সাবমিট করতে হবে। প্রয়োজনে মোবাইল ক্যাশ “নগদ” এর মাধ্যমে (পুনঃনিরীক্ষার ফি ৫০০/- টাকা) পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন ও ফি গ্রহণ করা হবে না।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

কতৃপক্ষের নির্দেশক্রমে,

Signature
০১/৮/২০২৪

মাহমুদ রাফেল
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
ডায়েরী নং	২৪৪২
তারিখ	২/৮/২৪
সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট	
সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট	
সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট	

অনুলিপি : অবগতির জন্য

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি
- ৩। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)
- ৪। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। যুগ্ম-পরিচালক, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি [প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৬। সংরক্ষণ নথি

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা